49678 - অর্ধ শাবানরে রাত্রতিে আল্লাহ্ কি দুনয়িার আকাশে নমেে আসনে?

প্রশ্ন

অর্ধ শাবানরে রাত্রতিে আল্লাহ্ কি দুনয়িার আকাশে নমেে আসনে এবং কাফরে ও বদ্বিষেপোষণকারী- এ দুই শ্রণেীর মানুষ ছাড়া সকলকে ক্ষমা করে দনে?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এ কথাটি কছিু হাদসিে বর্ণতি হয়ছে।ে কন্িতু হাদসিটরি বশিুদ্ধতা নয়িে আলমেদরে বর্িূপ মন্তব্য রয়ছে।ে অর্ধ শাবানরে রাত্ররি ফযলিতরে ব্যাপারে কোন হাদসি সহহি সাব্যস্ত হয়নি। আবু মুসা আল-আশআরি (রাঃ) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থকেে বর্ণনা করনে য,ে তনিি বলনে: "নশ্চিয় আল্লাহ্ অর্ধ শাবানরে রাত্রতিে সৃষ্টকিুলরে দকিে দৃষ্টি দনে। অতঃপর মুশরকি ও বদ্বিষে পোষণকারী ব্যতীত সকলকে ক্ষমা করে দনে।"[সুনানে ইবনে মাজাহ (১৩৯০)]

مشاحن (বদ্বিষে পোষণকারী) হচ্ছ-ে যার মাঝে ও তার মুসলমি ভাইয়রে মাঝে শত্রুতা রয়ছে।ে

'আল-যাওয়ায়দে' গ্রন্থে এসছে-ে হাদসিটরি সনদ দুর্বল। আব্দুল্লাহ্ বনি লাহআি র দুর্বলতার কারণে এবং আল-ওয়ালদি বনি মুসলমিরে 'তাদলসি'-এর কারণ।ে

তাছাড়া হাদসিটতিে 'ইযতরিাব'ও রয়ছে।ে দ্বারাকুতনি 'আল-ইলাল' গ্রন্থে (৬/৫০, ৫১) সটো তুলে ধরছেনে এবং বলছেনে: হাদসিটি সাব্যস্ত নয়।

হাদসিটি মুয়ায বনি জাবাল (রাঃ), আয়শো (রাঃ), আবু হুরায়রা (রাঃ) ও আবু ছালাবা আল-খুশানি (রাঃ) প্রমুখ সাহাবীদরে থকেওে বর্ণতি হয়ছে।ে কন্িতু কোন একটি সনদ দুর্বলতা মুক্ত নয়। বরং কোন কোনটি খুবই দুর্বল।

ইবনে রজব হাম্বলি বলনে:

অর্ধ শাবানরে রাত্ররি ফযলিতরে ব্যাপারে কয়কেটি হাদসি বর্ণতি হয়ছে।ে যে হাদসিগুলোর ব্যাপারে মতভদে রয়ছে।ে সংখ্যাগরষ্ঠি আলমে সে হাদসিগুলোকে দুর্বল বলছেনে। ইবনে হব্িবান কোন কোন হাদসিকে সহহি বলছেনে।[লাতায়ফেুল মাআরফি (পৃষ্ঠা-২৬১)]

আল্লাহ্ তাআলা দুনিয়ার আকাশে অবতীর্ণ হওয়ার বিষয়টি অর্ধ শাবানের রাতের সাথে খাস নয়। বরং সহিহ বুখারী ও সহিহ মুসলিমের হাদিস দ্বারা সাব্যস্ত হয়েছে যে, আল্লাহ্ তাআলা প্রতি রাতের শেষে এক তৃতীয়াংশে দুনিয়ার আকাশে নাযিল হন। এই সাধারণ ভাষ্যের আওতায় অর্ধ শাবানের রাত্রিও শামিল।

এ কারণে আব্দুল্লাহ্ বিন মুবারককে যখন অর্ধ শাবানের রাতে আল্লাহ্র অবতীর্ণ হওয়া সম্পর্কে জিজ্ঞেস করা হয় তখন তিনি বলেন: "ওহে দুর্বল! অর্ধ শাবানের রাত? তিনি প্রতি রাতে নাযিল হন।"[আবু উসমান আল-সাবুনি 'ইতিকাদু আহলিস সুন্নাহ' গ্রন্থে (নং ৯২) উক্তটি বর্ণনা করেছেন]

আল-উকাইলি (রহঃ) বলেন:

অর্ধ শাবানের রাতে নাযিল হওয়া সংক্রান্ত কয়েকটি হাদিস রয়েছে; যেগুলো দুর্বলতা রয়েছে। প্রতি রাতে নাযিল হওয়ার হাদিস সহিহ ও সাব্যস্ত। অর্ধ শাবানের রাতও এর মধ্যে পড়বে, ইনশাআল্লাহ্।

[আয্ যুআফা (৩/২৯)]

দেখুন: প্রশ্নোত্তর নং 8907